## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon , Logo ,Newspaper ,Book , Magazine & other.

9836753622



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 9 APRIL 2026 ,THURSDAY | ৯ এপ্রিল ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-128


# আলিপুরদুয়ারে বিজেপির সর্বভারতীয় সভাপতি "নিতিন নবীন"




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ এপ্রিল :** সোনাপুর পূজারী সংঘ ফুটবল ময়দানে বিজেপির বিজয় সংকল্প সভা অনুষ্ঠিত হলো বুধবার বিকেলে। এদিন বিকেল চারটা নাগাদ সর্বভারতীয় বিজেপির সভাপতি "নিতিন নবীন" এসে পৌঁছান। মঞ্চে তাকে বরণ করেন বিজেপি নেতারা। ভাষণ দিতে গিয়ে বিজেপির সর্বভারতীয় সভাপতি নিতিন নবীন বলেন পশ্চিমবঙ্গের নামটাকে খারাপ করার চেষ্টা করছে টিএমসির লোকেরা। এখান থেকে সবাই বাইরে চলে যাচ্ছে ও বাংলাদেশ থেকে অনুপ্রবেশকারীরা আসছে তাদের সমর্থন করছে তৃণমূল। দিদি তৃণমূলের দুর্নীতি নিয়েও সোচ্চার হয়েছেন ভাষণ দিতে গিয়ে। আলিপুরদুয়ার বিধানসভার বিজেপির প্রার্থী পরিতোষ দাসের সমর্থনে পশ্চিমবঙ্গকে তৃণমূল মুক্ত করার আবেদন জানান বিজেপি সমর্থকদের কাছে। আলিপুরদুয়ার বিধানসভার সাংসদ মনোজ টিগ্গা বলেন বিজেপি সরকার গঠন করার পরেই মহিলাদের লক্ষ্মীর ভান্ডারের দেড় হাজার টাকার বদলে অন্নপুর্না ভান্ডরে তিন হাজার টাকা দিবেন। এদিন বিজেপির অন্যান্য বক্তারাও বক্তব্য রাখেন।

# কোচবিহার দক্ষিণের অবজার্ভারকে সরিয়ে দিল নির্বাচন কমিশন




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৮ এপ্রিল :** কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের জেনারেল অবজার্ভার অনুরাগ যাদবকে সরিয়ে দিল নির্বাচন কমিশন। সিইও দপ্তর সূত্রে খবর ,নিজের বিধানসভা কেন্দ্রের পোলিং বুথের সংখ্যা সম্পর্কে কোনরকমের ধারণা না থাকার কারণে তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে । ২০২৬ পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে ২৯৪টি আসনের জন্য ২৯৪ জন জেনারেল অবজার্ভার কে নিয়োগ করে জাতীয় নির্বাচন কমিশন।কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রে জেনারেল অবজার্ভার IAS অনুরাগ যাদবকে করা হয় নির্বাচন কমিশনের তরফে । তবে তার বিধানসভা কেন্দ্রের মধ্যে কমসংখ্যক বুথ আছে , বুথ সম্পর্কিত তথ্য সম্পর্কে অনুরাগের কোন ধারণা নেই বলে দাবি করা হয়েছে। সূত্রের খবর , পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ুর অবজার্ভারদের নিয়ে বৈঠকে বসেছিলেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। ভার্চুয়াল বৈঠকে কোচবিহার দক্ষিণের অবজারভার অনুরাগ যাদব নিজ পোলিং বুথের সঠিক তথ্য মুখ্য নির্বাচন কমিশন জ্ঞানেশ কুমার কে জানাতে ব্যার্থ হন ।

# SIR নিয়ে তৃণমূল এবং বিজেপিকে কাঠগড়ায় তুললেন মহম্মদ সেলিম




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ এপ্রিল :** আলিপুরদুয়ারে প্রচারে আসলেন মোঃ সেলিম। আলিপুরদুয়ারের সিপিএম প্রার্থীর সমর্থনে আলিপুরদুয়ারে রোড শো মহম্মদ সেলিমের। এদিন আলিপুরদুয়ার শোভাগঞ্জ থেকে এই রোড শো শুরু করে শেষ হয় বীরপাড়া চৌপথিতে। এদিন মহম্মদ সেলিম কার্যত SIR নিয়ে রাজ্যের শাসক দল এবং বিজেপিকে কাঠগড়ায় তোলেন। তিনি বলেন, বিজেপি এবং তৃণমূল এই দুই আপদ ও বিপদ কে তাড়াতে হবে। এর আগেও SIR হয়েছে। তখন এতো সমস্যা হয়নি, কারন তখন মমতা, মোদী, অমিত শাহ ছিল না।

# ব্রাউন সুগার সহ গ্রেপ্তার একজন





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ এপ্রিল :** বড় সাফল্য পেল জয়গাঁ থানার পুলিশ। জয়গাঁ থানার ওসি নয়ন দাসের নেতৃত্বে প্রতিনিয়ত চলছে মাদক বিরোধী অভিযান মঙ্গলবার গভীর রাতে অভিযান চালিয়ে ছোট মেচিয়া বস্তি এলাকার ২৬ বছরের যুবক সাদ্দাম হোসেন ব্রাউন সুগার পাচার করার পথে তাকে গ্রেফতার করে পুলিশ। তার কাছ থেকে উদ্ধার হয় ৮৭ গ্রাম ব্রাউন সুগার। ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে গ্রেপ্তার করা হয় তাকে। বুধবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতের তোলা হবে জানিয়েছেন জয়গাঁ থানার ওসি নয়ন দাস। অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে জানিয়েছেন ওসি।

# ১৩ বছর পরে জেলমুক্তির সম্ভাবনা সারদাকর্তার



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৮ এপ্রিল :** ১৩ বছর পরে জেল থেকে ছাড়া পেতে চলেছেন সারদাকর্তা সুদীপ্ত সেন । বুধবার জামিনের নির্দেশ কলকাতা হাইকোর্টের। রাজ্য পুলিশের হাতে থাকা দু'টি মামলায় জামিন পেয়েছেন তিনি। কলকাতা হাইকোর্ট থেকে জামিন পাবার পরে বৃহস্পতিবারই জেল থেকে বেরোতে পারেন সারদা কর্তা । মঙ্গলবার কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ ও বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চে সুদীপ্ত সেনের জামিন মামলার শুনানি শেষ হয়। রায়দান স্থগিত রেখেছিল আদালত। তাঁর বিরুদ্ধে থাকা বাকি মামলায় আগেই জামিন পেয়েছিলেন সারদাকর্তা সুদীপ্ত সেন। রাজ্য পুলিশের হাতে থাকা দু'টি মামলায় ও এদিন তিনি জামিন পান । তবে জামিনের ক্ষেত্রে কিছু শর্ত আরোপ করেছে কলকাতা হাইকোর্ট । বৃহস্পতিবারই সম্ভবত জেল থেকে ছাড়া পাবেন রাজ্যে সারদা চিটফান্ড কেলেঙ্কারিতে প্রধান অভিযুক্ত সুদীপ্ত সেন।

# ট্রেনের ধাক্কায় প্রধান শিক্ষিকার মৃত্যু




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ এপ্রিল :** বুধবার সকালে আলিপুরদুয়ার শহরে রেললাইন পার হতে গিয়ে ট্রেনের ধাক্কায় এক ৫৫ বছর বয়সী স্কুলের প্রধান শিক্ষিকার মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটে সকাল প্রায় ১১টা ৫ মিনিট নাগাদ, যখন ডাউন বামনহাট–শিলিগুড়ি প্যাসেঞ্জার ট্রেনটি আলিপুরদুয়ার আর.আর. বিদ্যাপীঠের প্রধান শিক্ষিকা সম্পতি আচার্যকে ধাক্কা মারে। জানা গেছে, তিনি লেবু বাগান এলাকা থেকে মিড-ডে মিলের সামগ্রী কিনে স্কুলে ফিরছিলেন। ধাক্কার জেরে তিনি কয়েক মিটার দূরে ছিটকে পড়েন।তাঁকে আশঙ্কাজনক অবস্থায় আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।এই ঘটনায় শহরের অসুরক্ষিত রেলক্রসিং নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। আলিপুরদুয়ার জংশন থেকে নিউ কোচবিহার পর্যন্ত প্রায় ৭ কিলোমিটার রেলপথে একাধিক অরক্ষিত ক্রসিং থাকায় স্থানীয় বাসিন্দাদের ঝুঁকি নিয়ে লাইন পারাপার করতে হয়।বিজেপি সাংসদ মনোজ টিগ্গা জানান, ইতিমধ্যেই একটি প্রস্তাব জমা দেওয়া হয়েছে এবং সমীক্ষার কাজ শুরু হয়েছে, তবে এই ধরনের প্রকল্প সম্পূর্ণ হতে সময় লাগে। আলিপুরদুয়ার জংশনের জিআরপি ইনস্পেক্টর অনুপ ঘোষ জানান, প্রাথমিক তদন্তে মনে করা হচ্ছে মৃতা অসাবধানতাবশত রেললাইন পার হচ্ছিলেন। "ঘটনাস্থলে উপস্থিত মানুষজনের সতর্কবার্তা সত্ত্বেও তিনি সাড়া দেননি, যার ফলেই এই দুর্ঘটনা ঘটে," তিনি বলেন।

# "২০২৬ SAFF উইমেন্স চ্যাম্পিয়নশিপে" অংশ নেবে না পাকিস্তান



**এই যুগ :** ভারতে আয়োজিত SAFF উইমেন্স চ্যাম্পিয়নশিপ ২০২৬ এ অংশ নেবে না পাকিস্তান । এর আগে এশিয়া কাপ ও টি-টোয়েন্টি বিশ্বকাপের ম্যাচ ভারতের মাটিতে খেলতে আসেনি পাকিস্তান। টি২০ ক্রিকেট বিশ্ব কাপ খেলেছিল শ্রীলঙ্কায় । এ বার ভারতে হতে চলা SAFF উইমেন্স চ্যাম্পিয়নশিপে অংশ নেবে না পাকিস্তান ফুটবল টিম । আগামী ২৫ মে থেকে ৭ জুন পর্যন্ত গোয়ার ফাতোরদা স্টেডিয়ামে আয়োজিত হবে SAFF উইমেন্স চ্যাম্পিয়নশিপ ২০২৬। ভারতের সঙ্গে তিক্ত সম্পর্কের কারণেই এই সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তান বলে সুত্রের খবর । পাকিস্তানের অনুপস্থিতিতে এ বার SAFF উইমেন্স চ্যাম্পিয়নশিপ ২০২৬ এ ৬ টি দেশ অংশ নেবে । আয়োজক দেশ ভারত, বাংলাদেশ, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা ও মলদ্বীপ। SAFF উইমেন্স চ্যাম্পিয়নশিপে পাকিস্তান এর অংশ না নেওয়ায় বিশ্ব ফুটবলে তেমন কোন প্রভাব পড়বে না বলে মনে করছে বিশ্ব ফুটবল প্রেমী থেকে ক্রীড়াবিদরা ।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |